

ঈশ্বরের রাজ্যের বিস্তার অব্যাহত

যীশু ব্যাখ্যা করেছিলেন ঈশ্বরের রাজ্য কিভাবে এখন এবং সমগ্র ইতিহাস ব্যাপী বিস্তার লাভ করেছিল

প্রার্থনা : “প্রিয় প্রভু, অনুগ্রহ করে শিশুদের তাদের বন্ধুদের হৃদয়ে তোমার বাক্য বপন করতে সাহায্য কর। তোমার বাক্য শিশুদের অন্তরে বীজের ন্যায় মূল বিস্তার করুক, বৃদ্ধি লাভ করুক এবং ফল বহন করুক।”

শিশুদের বয়স এবং আত্মিক প্রয়োজনের সঙ্গে মানানসই কার্যকলাপগুলো পছন্দ করুন।



মথি ১৩:৩-৯ এবং ১৮-২৩ পদ থেকে বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের চার রকমের ভূমির বিষয় যীশুর গল্পটি বলতে বলুন।

ব্যাখ্যা করুন, যখন চারধরনের লোকেরা সুসমাচার শোনে তখন কি টে।

- এই গল্পটি ব্যাখ্যা করে ঈশ্বরের রাজ্য যুগ যুগ ধরে কিভাবে বৃদ্ধি লাভ করছে।
- কিছু লোক যীশুর বাক্য প্রত্যাখান করেন, অন্যরা গ্রহণ করেন।
- শয়তান ঈশ্বরের লোকদের আক্রমণ করে, কিন্তু ঈশ্বরের বাক্য অবিচলিত ভাবে প্রসারিত হচ্ছে এবং অতি দ্রুত ইহা পৃথিবীর সমুদয় লোকের হৃদয়ে মূল বিস্তার করবে।

শিশুদের এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন

- তিনটি ভূমি মন্দ ছিল। তাদের মধ্যে কি ত্রুটি ছিল?
- বীজ কোথায় মূল বিস্তার করেছিল, বৃদ্ধি লাভ করেছিল এবং ফল বহন করেছিল?
- সুসমাচারের বাণী কিভাবে বীজের অনুরূপ?
- উত্তম ভূমিতে যখন বীজ পড়েছিল, তখন কি টেছিল?
- মন্দ ভূমির ন্যায় লোকেরা কি ধরনের হয়?
- লোকেরা যখন সুসমাচার শোনে এবং বিশ্বাস করেন তখন কি ঘটে?



চার ধরনের ভূমির গল্পটির অংশগুলো নাটকে পরিণত করুন

- শিশুদের প্রাপ্ত বয়স্কদের কাছে নাটকটি উপস্থাপন করার জন্য আরাধনার নেতাদের সঙ্গে ব্যবস্থা করুন।
- শিশুদের শিক্ষাদানের সময় নাটকটি প্রস্তুতি গ্রহণ করুন।
- বড় শিশুদের ছোটদের প্রস্তুতিতে সাহায্য করতে বলুন।
- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্করা এই অংশগুলো অভিনয় করবেনঃ

বর্ণনাকারী : গল্পটির সারাংশ তৈরী করবেন এবং অভিনেতাদের কি করতে হবে তা মনে রাখতে সাহায্য করবেন।

কৃষক : বীজ অথবা ছোট ছোট পাথর প্রস্তুত করবে যা বীজের প্রতিনিধি ত্ব করবে।

কাঁটাগাছ

- ছোট শিশুদের পাখীদের, গোমের গাছ এবং বৃদ্ধি ব্যাহত গাছের ভূমিকায় অভিনয় করতে দিন।

বর্ণনাকারী : মথি ১৩:৩-৯ পদ থেকে গল্পটির প্রথম অংশটি বলবেন। তারপর বলবেন, “যখন বীজগুলো পথের পাশে পড়েছিল, তখন কি ঘটেছিল তা দেখুন।”

কৃষকঃ এক মুঠো বীজ বপন (ছুঁড়ে দেবেন) করবেন।

পাখীরা : যেখানে বীজ পড়েছে সেখানে লাফিয়ে লাফিয়ে যাবে, হাত দুটো ডানার মত ঝাপটাবে। তারপর কয়েকটা বীজ তুলে নিয়ে খাওয়ার ভান করবে। (বীজগুলো সত্যি করে মুখের ভিতর রাখবেনা।)

বর্ণনাকারী : “বীজগুলো যখন পাষণময় ভূমিতে পড়েছিল, তখন কি ঘটেছিল তা দেখুন।”

কৃষক : আরও বীজ বপন করবে।

গোমের গাছসমূহঃ যেখানে বীজগুলো পড়েছে সেখানে কয়েকমুহূর্ত দাঁড়াতে হবে, হাতদুটো বাইরের দিকে তুলে রাখতে হবে।
তারপর প্রখর সূর্যের দিকে তাকাতে হবে, হাত দিয়ে চোখ ঢাকতে হবে এবং ধীরে ধীরে ভূমিতে পতিত হতে হবে।

বর্ণনাকারীঃ “দেখুন, বীজগুলো যখন কাঁটা ঝোপে পড়েছিল, তখন কি ঘটেছিল।”

কৃষকঃ আরও বীজ বপন করবেন।

বৃদ্ধিহীন গাছঃ আপনার হাতদুটো বাইরে রেখে যেখানে বীজ পড়েছে সেখানে দাঁড়ান।

কাঁটাগাছঃ পায়ের আঙ্গুলের উপর ভর দিয়ে চুপিচুপি গোমের গাছের পেছনে এসে দাঁড়াবে। তারপর উচ্চস্বরে ক্রুর হাসি হাসবে এবং হঠাৎ সে গোমের গাছের গলা টিপে ধরবে এবং তাঁর বৃদ্ধি ব্যাহত করার ভাগ করবে।

বৃদ্ধিহীনগাছঃ তোমার হাতদুটো গলার কাছে নিয়ে যাবে, জীভ বের করে দেবে এবং ভূমিতে পড়ে যাবে।

বর্ণনাকারীঃ “দেখুন, উত্তম ভূমিতে বীজ পড়ার পর কি ঘটেছিল।”

কৃষকঃ আরও বীজ বপন করবেন।

গোমের গাছসমূহঃ যেখানে বীজ পড়েছে, সেখানে গর্বিত ভাবে দাঁড়িয়ে থাকবে, স্বর্গের দিকে হাত তুলে রাখবে।

কৃষকঃ “দেখুন! এই বীজগুলো শতগুণ ফল উৎপন্ন করেছে! এই মহান শস্য সংগ্রহ জন্য ঈশ্বরকে ধন্যবাদ!”

বর্ণনাকারীঃ মথি ১৩ঃ১৮-২৩ পদ থেকে গল্পের দ্বিতীয় অংশটা বলবেন।

তারপর, যারা নাটকটিতে সাহায্য করেছেন তাদের ধন্যবাদ দেবেন।

প্রশ্নাবলী

শিশুরা যদি প্রাপ্ত বয়স্কদের কাছে গল্পটি উপস্থিত করে, তবে তাদেরকে পৃষ্ঠা ১ এর প্রশ্নগুলো প্রাপ্ত বয়স্কদের জিজ্ঞাসা করতে দিন শিশুদের একটি বীজ অঙ্কুরিত হওয়ার ছবি আঁকতে দিন।

আরাধনার সময় বড়দের কাছে তাদের এই ছবিগুলো দেখাতে দিন এবং ব্যাখ্যা করতে বলুন যে ঈশ্বরের বাক্য এই বীজগুলোর মত যা আমাদের হৃদয়ে মূল বিস্তার করে, বৃদ্ধি লাভ করে এবং উত্তম ফল বহন করে।

কবিতাঃ গীতা ১ঃ১-৩ পদগুলো তিনজন শিশুর প্রত্যেককে একটি করে আবৃত্তি করতে দিনঃ

ধন্য সেই ব্যক্তি, যে দুঃস্থদের মন্ত্রনায় চলে না,

পাপীদের পথে দাঁড়ায় না,

নিন্দকদের সভায় বসে না।

কিন্তু সদাপ্রভুর ব্যবস্থায় আমোদ করে,

তাঁহার ব্যবস্থা দিবারাত্র ধ্যান করে।

সে জলস্রোতের তীরে রোপিত বৃক্ষের সদৃশ হইবে,

যাহা যথাসময়ে ফল দেয়, যাহার পত্র ম্লান হয় না;

আর সে যাহা কিছু করে, তাহাতেই কৃতকার্য হয়।



বড় শিশুদের চারধরনের ভূমির বিষয়ে এবং তারা যা প্রতিনিধিত্ব করে সেই বিষয়ে কবিতা লিখতে বলুন।

প্রেরিত ৪ঃ১২ পদটি মুখস্থ করুন।

প্রার্থনাঃ “প্রিয় যীশু, অন্যান্যলোকদের কাছে তোমার বিষয় বলার মাধ্যমে তোমার রাজ্য বিস্তারের বীজ বপন করতে আমাদের সাহায্য কর। আমরা চাই আমাদের হৃদয়ে তোমার বাক্যের মূল গ্রহণ করতে এবং উত্তম ফল বহন করতে।”